



নির্বাচন ব্যবস্থার প্রতি আস্থা ফেরাতে দৃঢ় ইসি: সিইসি



সংগৃহীত ছবি

আইনের শাসন প্রতিষ্ঠা করা গেলে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন সম্ভব বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন। নির্বাচন ব্যবস্থা ধ্বংসের যে নেতিবাচক ভাবমূর্তি তৈরি হয়েছে, তা দূর করতেই কমিশন কাজ করছে বলে জানিয়েছেন তিনি।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে মঙ্গলবার (২৩ ডিসেম্বর) রিটার্নিং অফিসার ও মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে এসব কথা বলেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন।

তিনি বলেন, নির্বাচন ব্যবস্থাকে ধ্বংস করা হয়েছে—এমন অভিযোগ দীর্ঘদিন ধরে শোনা যাচ্ছে। এই দুর্নাম ঘোচানোই বর্তমান কমিশনের বড় চ্যালেঞ্জ। সঠিকভাবে দায়িত্ব পালন করতে ব্যর্থ হলে ভবিষ্যৎ প্রজন্মের কাছে জবাবদিহি করতে হবে বলেও সতর্ক করেন তিনি।

মাঠ প্রশাসনের কর্মকর্তাদের উদ্দেশে সিইসি বলেন, দায়িত্ব পালনে অবহেলা হলে পুরো প্রশাসনিক কাঠামো অকার্যকর হয়ে পড়বে। সিস্টেম সচল রাখার মূল দায়িত্ব মাঠপর্যায়ের কর্মকর্তাদের হাতেই। সবাই সম্মিলিতভাবে দায়িত্ব পালন না করলে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়।

তিনি আরও বলেন, কমিশন প্রমাণ করতে চায় যে তারা নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন করতে সক্ষম। এজন্য আইনের শাসন নিশ্চিত করা জরুরি। আইন ও বিধি-বিধান সবার জন্য সমানভাবে প্রয়োগ করতে হবে। নির্ধারিত নিয়মের মধ্যে থেকে কাজ করলে নির্বাচন কমিশন সবসময় কর্মকর্তাদের পাশে থাকবে বলেও আশ্বস্ত করেন সিইসি।